

23 ডিসেম্বর, 2021

প্রিয় পরিবারবর্গ,

এই মার্চ মাসে আমি যখন চ্যান্সেলর নিযুক্ত হই, তখন আমি যে স্কুল সিস্টেমের মাঝে আমার শৈশব ও কৈশোর পার করেছি, মা হিসেবে আমার সন্তানদের পড়ালেখা করতে পাঠিয়েছি, এবং আমার পেশাজীবনের পুরোটাই নিবেদিত করেছি, সেটার নেতৃত্ব দেয়ার সম্মান অর্জন আমাকে গভীরভাবে নাড়া দিয়েছে। আমরা যে শুধুমাত্র দেশের সবচেয়ে বড় সিস্টেম তাই নয়, বরং সবচেয়ে অসাধারণও বটে - এবং এর জন্য সকল ধন্যবাদ প্রাপ্য আমাদের নিবেদিত প্রাণ শিক্ষার্থী, পরিবার, এবং শিক্ষকদের উল্লেখযোগ্য বৈচিত্র্যময়তা। আমি দেখতে পাচ্ছি, বিশেষত এখন, সিটি জুড়ে পরিবারেরা কমিউনিটিকে ওমিক্রন থেকে নিরাপদ রাখতে যা কিছু করা সম্ভব সব কিছু করছেন।

প্রথম দিন থেকেই, সেপ্টেম্বর মাসে সকল শিক্ষার্থীর জন্য আমাদের স্কুল ভবনগুলো পুরোপুরি খোলার গুরুত্বপূর্ণ লক্ষ্য আমরা শেয়ার করেছি। শিক্ষার্থীদের সামাজিক ও আবেগজনিত চাহিদা নিরসনে নব্য সহায়তা সিস্টেম, তাদের জীবনে যে অভিজ্ঞতার প্রতিফল ঘটায় এমন একটি পাঠ্যক্রম, এবং বিশ্বব্যাপী মহামারী চলাকালে আমরা যা শিখেছি সেটার উপর ভিত্তি করে সৃষ্ট প্রযুক্তি সহ ঐ দীর্ঘ-অপেক্ষাকৃত হোমকামিং শিক্ষার্থীদের পুনরায় স্বাগত জানিয়েছে।

এই বছরের শেষভাগে ছুটির মৌসুম শুরু হবার পাশাপাশি আমার ভূমিকার অবসান হবার পথে, আমাদের হোমকামিং ও এই শিক্ষা বছরের প্রথম কয়েক মাস আমাদের স্কুলগুলোকে সকলের জন্য নিরাপদ ও সফল করার জন্য আমি আপনাদের সকলকে ধন্যবাদ জানাতে চাই। এটা এখনও একটা অভূতপূর্ব চ্যালেঞ্জপূর্ণ সময়, কিন্তু আপনাদের অংশিদারিত্ব আমাদের শিক্ষার্থীদের ক্লাসরুমে - যেখানে সবচেয়ে ভালভাবে শেখো - সেখানে ফিরে আসতে এবং বিকশিত হতে সক্ষম করেছে। আমরা যা অর্জন করেছি, তার জন্য আমি অত্যন্ত গর্বিত ও কৃতজ্ঞ।

আমার সাবেক সহকর্মী এবং আমার বন্ধু ডেভিড ব্যাংকস্ (David Banks) আপনাদের নতুন চ্যান্সেলর হিসেবে আমার হাত থেকে নেতৃত্বের মশাল নিয়ে এগিয়ে যাবেন, সেজন্য আমি অত্যন্ত উৎসাহিত বোধ করছি, এবং নিশ্চিত থাকুন যে আমাদের শিক্ষার্থীদের জন্য আমরা যে অগ্রগতি অর্জন করেছি সেটার উপর ভিত্তি করে তিনি আরও অগ্রগতি সাধন করবেন।

বিগত সপ্তাহে স্কুলগুলোতে আমার সর্বশেষ পরিদর্শন চলাকালে, একজন শিক্ষার্থী আমাকে বলেছে, "একজন কৃষ্ণাঙ্গ কিশোরী হিসেবে আমাকে সহায়তা করার জন্য আপনাকে ধন্যবাদ। প্রথম কৃষ্ণাঙ্গ নারী চ্যান্সেলর হিসেবে আপনি সফলতার চমৎকার দৃষ্টান্ত স্থাপন করেছেন, এবং এটা আমার মাঝে আগের চেয়ে অনেক বেশী আশা জাগিয়েছে।" ঐ কিশোরী থেকে শুরু করে আমাদের অসাধারণ শিক্ষকবৃন্দ ও আমাদের সহায়তা দানকারী অবিচল কর্মীবৃন্দ যারা নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলো সচল রেখেছে - আমার দায়িত্ব পালনের সময় আমি যাদের সাথে মিলিত হয়েছি তাদের আজীবন স্মরণ রাখবো।

আমাদের শিক্ষার্থীদের জন্য একত্রে আমরা যা অর্জন করেছি সেজন্য আমি গর্বিত এবং ঐ কিশোরীর মত ছেলেমেয়েরা আমাদের পদাঙ্ক অনুসরণ করে এবং তাদের স্বপ্নের পিছে ধাবিত হয়ে সফলতা খুঁজে পাবে, এব্যাপারে আমি আশাবাদী।

আপনাদের সকলের প্রতি হিলিডের শুভেচ্ছা এবং আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

অংশীদারিত্বে,

মির্শা পোর্টার (Meisha Porter)

নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর